গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গাজীপুর সদর,গাজীপুর
www.sadar.gazipur.gov.bd

## উপজেলা পরিষদ, গাজীপুর সদর এর মার্চ/২০২৩ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : এ্যাডভোকেট রীনা পারভীন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাজীপুর সদর, গাজীপুর
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কেন্দ্র, গাজীপুর সদর, গাজীপুর
সভার তারিখ : ০৯.০৩.২০২৩ খ্রিঃ, সময় : সকাল ১১:০০ ঘটিকা

(সভার উপস্থিতি ও অনুপস্থিতির তালিকা 'পরিশিষ্ট-ক' সংযুক্ত)

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি নবযোগদানকৃত সিনিয়র উপজেলা মৎস্য অফিসার জনাব আব্দুল লতিফকে সভায় স্বাগত জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার, গাজীপুর সদর, গাজীপুর ফেব্রুয়ারি ২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রম | বিভাগ সমূহ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | উপজেলা প্রকৌশল বিভাগ (এলজিইডি) | ১.১। উপজেলা প্রকৌশলী (এলজিইডি) ২০২২-২৩ অর্থ বছরে ইউপি চেয়ারম্যানগণ কর্তৃক প্রকল্প দাখিল করা হয়নি। এডিপি প্রকল্পের আওতায় চেয়ারম্যানগণকে প্রকল্প দাখিল করার জন্য অনুরোধ করেন। এয়াড়াও তিনি জানান যে, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় গৃহিত প্রকল্পসমূহের টেন্ডার কাজ সম্পন্ন হয়েছে এবং বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। বিগত সভায় আসন্ন বর্ষা মৌসুমে চলাচলের সুবিধার্থে অফিসার্স ক্লাব, গাজীপুর সদর এর সামনের সিড়ি দ্রুত নির্মাণের বিষয়ে আলোচনা করা হলেও অদ্যাবধি কোনও কার্যক্রম গ্রহণ না করার বিষটি উপজেলা প্রকৌশলী (এলজিইডি), গাজীপুর সদর, গাজীপুর এর নিকট জানতে চাওয়া হয় এবং অতিসত্তর বর্ণিত কাজটি সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়।<br>১.২। উপজেলা অফিসার্স ডরমিটরি এর প্রাক্কলন প্রস্তুত করে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।<br>১.৩। উপজেলা পরিষদের বাউন্ডারি ওয়াল সংস্কারের বিষয়ে আলোচনা করা হয়। | ১.১। আগামী ০৭ কর্ম দিবসের মধ্যে ২০২২-২৩ অর্থ বছরে এডিপির প্রকল্প গ্রহণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণ কর্তৃক প্রকল্প দাখিলসহ অফিসার্স ক্লাব, গাজীপুর সদর, গাজীপুর এর সামনের সিড়ি অতি দ্রুত নির্মাণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>১.২। উপজেলা অফিসার্স ডরমিটরি এর প্রাক্কলন প্রস্তুত করে প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>১.৩। উপজেলা পরিষদের বাউন্ডারি ওয়াল দ্রুত সংস্কারের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) গাজীপুর সদর গাজীপুর |
| ২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | ২.১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, তাঁর বিভাগের মাধ্যমে কোভিড-১৯ এর ভ্যাক্সিন প্রদান এবং কমিউনিটি কার্যক্রমসহ সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এছাড়াও, গাজীপুর সদরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নির্মাণের জন্য দ্রুত জমি নির্বাচনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ২.১। উপজেলা স্বাস্থ্য বিভাগ হতে প্রত্যেক সভার পূর্বে আবশ্যিকভাবে কার্যপত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ক) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, গাজীপুর সদর, গাজীপুর |
| ৩ | উপজেলা কৃষি বিভাগ | ৩.১। উপজেলা কৃষি অফিসার জানান যে, তাঁর বিভাগের সকল কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। এছাড়াও, আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নত মানের ধান, গম ও পাটবীজ উৎপাদন, | ৩.১। উপজেলা কৃষি বিভাগের কাজের চলমান কাজের ধারাবাহিকতা অক্ষুন্ন রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | ক) উপজেলা কৃষি অফিসার, গাজীপুর সদর, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সংরক্ষণ ও বিতরণ (৩য় পর্যায়) প্রকল্পের আওতায় বোরো প্রদর্শনী ৫ একর বিশিষ্ট বরাদ্দ প্রদান করা হয়েছে। তিনি আরও জানান যে, প্রতি বছর বোরো মৌসুমে সারের ঘাটতি থাকলেও এ বছর সরকারের দুরদর্শিতার কারণে সারের কোন ঘাটতি নেই। সারের ডিলারদের বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগসমূহের বিষয়ে জরুরী ভিত্তিতে তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | | গাজীপুর |
| ৪ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | ৪.১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, তাঁর বিভাগের মাধ্যমে এভিয়ান ইনফ্লুয়েঞ্জা এবং এনথ্রাক্স সার্ভিলেন্স, মাসের প্রথম সপ্তাহের সোমবার নিবিড় প্রাণিসম্পদ সেবা কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | ৪.১। গাজীপুর সদর উপজেলায় চলমান প্রাণিসম্পদ বিভাগের কাজের ধারাবাহিকতা অক্ষুন্ন রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, গাজীপুর সদর |
| ৫ | উপজেলা মৎস্য বিভাগ | ৫.১। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, গাজীপুর সদর উপজেলায় মৎস্য উৎপাদনকারী প্রতিষ্ঠানগুলো নিয়মিত মনিটরিং করা হচ্ছে। বাজারগুলোতে পিরানহা, আফ্রিকান মাগুর ও অন্যান্য নিষিদ্ধ মাছ বিক্রয় বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। এছাড়া তাঁর বিভাগের মাধ্যমে অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ৫.১। সিনিয়র উপজেলা মৎস্য বিভাগের সকল কার্যক্রমের ধারাবাহিকতা অক্ষুন্ন রাখাসহ তার কার্যালয়ের আওতায় চলমান কার্যক্রমের তালিকা ও হালনাগাদ অবস্থা ইউএনও অফিসে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার গাজীপুর সদর |
| ৬ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | ৬.১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের মাধ্যমে শিশু, কিশোর-কিশোরী পরিচর্যা এবং সাধারণ রোগীর সেবা প্রদানসহ অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ৬.১। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সকল কার্যক্রমের ধারাবাহিকতা অক্ষুন্ন রাখাসহ তার কার্যালয়ের আওতায় চলমান কার্যক্রমের তালিকা ও হালনাগাদ অবস্থা ইউএনও অফিসে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ক) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গাজীপুর সদর |
| ৭ | উপজেলা শিক্ষা বিভাগ | ৭.১। উপজেলা শিক্ষা অফিসার জানান যে, সিটিজেন চার্টার অনুযায়ী এ বিভাগের মাধ্যমে নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করাসহ অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। ৩৫% বই বিতরণ বাকী ছিল। চাহিদা অনুযায়ী বই পাওয়া গিয়েছে এবং আগামী এক সপ্তাহের মধ্যে বিতরণ করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | ৭.১। এ বিভাগের সকল কাজের ধারাবাহিকতা যথারীতি অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | ক) উপজেলা শিক্ষা অফিসার, গাজীপুর সদর, গাজীপুর |
| ৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | ৮.১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ২০২৩ শিক্ষাবর্ষে চাহিদা অনুযায়ী বই পাওয়া গিয়েছে এবং শিক্ষার্থীদের মাঝে নতুন বই বিতরণ করা হয়েছে। ৬ষ্ঠ এবং ৭ম শ্রেণির ২টি বই প্রত্যাহার করা হয়েছে। নতুন বই এখনও পাওয়া যায়নি। বই পাওয়ামাত্র বিতরণের ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া, তাঁর বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ৮.১। এ বিভাগের সকল কাজের ধারাবাহিকতা যথারীতি অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গাজীপুর সদর |
| ৯ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | ৯.১। উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গাজীপুর সদর জানান যে, তাঁর বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। চলতি অর্থ বছরে নতুন ১৮ টি টিউবওয়েলের বরাদ্দ পাওয়া গিয়েছে। | ৯.১। আগামী সভার কমপক্ষে ২ দিন পূর্বেই তার কার্যালয়ের আওতায় চলমান কার্যক্রমের তালিকা ও হালনাগাদ অবস্থা ইউএনও অফিসে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, গাজীপুর সদর |
| ১০ | উপজেলা সমাজসেবা বিভাগ | ১০.১। উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগের মাধ্যমে বয়স্ক ভাতা, প্রতিবন্ধী ভাতা প্রদানসহ অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। গত মাসে তাঁর দপ্তরের মাধ্যমে ১৫ লক্ষ টাকা পুনঃবিনিয়োগ করা হয়েছে এবং ২ লক্ষ টাকা বিনিয়োগ করা হয়েছে মর্মে তিনি জানান। | ১০.১। তার কার্যালয়ের আওতায় চলমান কার্যক্রমের তালিকা ও হালনাগাদ অবস্থা ইউএনও অফিসে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজ সেবা অফিসার, গাজীপুর সদর |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা সমবায় বিভাগ | ১১.১। উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, সমবায় সমিতি আইন ও বিধি মোতাবেক মেয়াদ উত্তীর্ণ ব্যবস্থাপনা কমিটির নির্বাচনের লক্ষ্যে অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি হঠন করা হয়েছে। সমবায় সমিতির সদস্যগণের আবাসন সমস্যা দূরীকরণে আবাসন প্রকল্প, আর্থিক সমস্যা দূরীকরণে মার্কেট/দোকান স্থাপন, ক্ষুদ্র ব্যাবসা ইত্যাদির মাধ্যমে সাবলম্বী করার লক্ষ্যে ক্ষুদ্র ঋণ বিতরণ করা হচ্ছে। | ১১.১। সমবায় সকল কার্যক্রমের ধারাবাহিকতা অক্ষুন্ন রাখাসহ তার কার্যালয়ের আওতায় চলমান কার্যক্রমের তালিকা ও হালনাগাদ অবস্থা ইউএনও অফিসে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমবায় অফিসার গাজীপুর সদর গাজীপুর |
| ১২ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | ১২.১। উপজেলা উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় অনপস্থিত থাকার তাঁর বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | ১২.১। তার কার্যালয়ের আওতায় চলমান কার্যক্রমের তালিকা ও হালনাগাদ অবস্থা ইউএনও অফিসে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গাজীপুর সদর |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | ১৩.১। উপজেলা মাহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের মাধ্যমে ভিডব্লিউবি (ভলনারেবল উইমেন বেনিফিট), মা ও শিশু সহায়তা তহবিল কর্মসূচি, মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ বিতরণ কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | ১৩.১। আগামী সভার কমপক্ষে ২ দিন পূর্বেই তার কার্যালয়ের আওতায় চলমান কার্যক্রমের তালিকা ও হালনাগাদ অবস্থা ইউএনও অফিসে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা গাজীপুর সদর |
| ১৪ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | ১৪.১। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগের মাধ্যমে পিআরডিপি-৩ প্রকল্পের স্কীম বাস্তবায়নসহ কোভিড-১৯ প্রণোদনা ঋণ তহবিল হতে ৩৩.৫০ লক্ষ টাকা কোভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্থ পল্লী উদ্যোক্তাদের মাঝে বিতরণ করা হয়েছে। এছাড়া এ বিভাগের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ১৪.১। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের ঋণ আদায় কার্যক্রম আরও ত্বরান্বিত করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার গাজীপুর সদর |
| ১৫ | উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় | ১৫.১। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের মাধ্যমে সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণের পাশাপাশি অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ১৫.১। আগামী সভার কমপক্ষে ২ দিন পূর্বেই তার কার্যালয়ের আওতায় চলমান কার্যক্রমের তালিকা ও হালনাগাদ অবস্থা ইউএনও অফিসে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, গাজীপুর সদর |
| ১৬ | উপজেলা যুব উন্নয়ন অফিস | ১৬.১। উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগের মাধ্যমে বিভিন্ন মেয়াদে প্রশিক্ষণ এবং ঋণ প্রদান ও আদায় (প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক) কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১৬.১। আগামী সভার কমপক্ষে ২ দিন পূর্বেই তার কার্যালয়ের আওতায় চলমান কার্যক্রমের তালিকা ও হালনাগাদ অবস্থা ইউএনও অফিসে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গাজীপুর সদর |
| ১৭ | উপজেলা পরিসংখ্যান বিভাগ | ১৭.১। উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগের মাধ্যমে কৃষি পরিসংখ্যান এর মাঠ পর্যায়ের কার্যক্রমের মধ্যে উল্লেখযোগ্য হিসেবে আমন ফসলের নমুনা কর্তন তালিকা, দাগগুচ্ছ জরিপ-১ম পর্ব, আলু ফসলের পূর্বাভাস জরিপ (অংশ-০২) এবং মাসিক কৃষি মজুরী তথ্য সংগ্রহ কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। এছাড়াও, এ বিভাগের মাধ্যমে স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসডিআরএস) সার্ভে এর মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহ কার্যক্রমসহ অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১৭.১। আগামী সভার কমপক্ষে ২ দিন পূর্বেই তার কার্যালয়ের আওতায় চলমান কার্যক্রমের তালিকা ও হালনাগাদ অবস্থা ইউএনও অফিসের প্রেরণ করবেন। | উপজেলা পরিসংখ্যান অফিসার, গাজীপুর সদর গাজীপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিবিধ | ১৮.১। ১৪৩০ বাংলা সনে সরকারি হাট-বাজার ইজারা প্রদানের আনুষাঙ্গিক খরচ বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | ১৮.১। ১৪৩০ বাংলা সনে সরকারি হাট-বাজার ইজারা প্রদানের আনুষাঙ্গিক খরচ বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়। | ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাজীপুর সদর, গাজীপুর<br>খ) উপজেলা প্রকৌশলী (এলজিইডি), গাজীপুর সদর, গাজীপুর<br>গ) ইউপি চেয়ারম্যান (সকল), গাজীপুর সদর |
| | | ১৮.২। ১৪৩০ বাংলা সনে সরকারি হাট-বাজার ইজারা প্রদানের নিমিত্ত পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের বিল বাবদ ৪৬,৪৬৪/- (ছিচল্লিশ হাজার চারশত চৌষট্টি) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | ১৮.২। ১৪৩০ বাংলা সনে সরকারি হাট-বাজার ইজারা প্রদানের নিমিত্ত পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের বিল বাবদ ৪৬,৪৬৪/- (ছিচল্লিশ হাজার চারশত চৌষট্টি) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | ১৮.৩। ১৪৩০ বাংলা সনে সরকারি হাট-বাজার ইজারা প্রদানের নিমিত্ত পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের বিল বাবদ ১,০৩,৫০০/- (এক লক্ষ তিন হাজার পাঁচশত) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | ১৮.৩। ১৪৩০ বাংলা সনে সরকারি হাট-বাজার ইজারা প্রদানের নিমিত্ত পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের বিল বাবদ ১,০৩,৫০০/- (এক লক্ষ তিন হাজার পাঁচশত) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | ১৮.৪। মার্চ/২০২২ মসের মাসিক সমন্বয় সভায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে ভূমিহীনদের জন্য ০৫ টি ঘর নির্মাণের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। বর্ণিত ০৫টি ঘরের উপকারভোগীর তালিকা হতে ৫ নং ক্রমিকের কুদরত আলী, পিতা- তমিজ উদ্দিন, ভাওয়ালগড়, গাজীপুর সদর, গাজীপুর এর কোন অস্তিত্ব খুজে না পাওয়ায় তার পরিবর্তে মো: রুবেল রানা, পিতা: রফিকুল ইসলাম, বানিয়ারচালা, ভাওয়ালগড়, গাজীপুর সদর, গাজীপুর এর নামে ঘর বরাদ্দের বিষয়ে আলোচনা করা হয়। | ১৮.৪। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে ভূমিহীনদের জন্য ০৫ টি ঘরের উপকারভোগীর তালিকা হতে ৫ নং ক্রমিকের কুদরত আলী, পিতা- তমিজ উদ্দিন, ভাওয়ালগড়, গাজীপুর সদর, গাজীপুর এর কোন অস্তিত্ব খুজে না পাওয়ায় তার পরিবর্তে মো: রুবেল রানা, পিতা: রফিকুল ইসলাম, বানিয়ারচালা, ভাওয়ালগড়, গাজীপুর সদর, গাজীপুর এর নামে ঘর বরাদ্দের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | |

০৪। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০/০৩/২০২৩

এ্যাডভোকেট রীনা পারভীন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গাজীপুর সদর, গাজীপুর

স্মারক নং-০৫.৪১.৩৩৩০.০০০.৬০.০০১.২১-২০৬

তারিখ: ১৬ চৈত্র ১৪২৯ / ৩০ মার্চ ২০২৩

বিতরণ: অবগতি/জ্ঞাতার্থে-

১। মাননীয় সংসদ সদস্য, গাজীপুর-১/গাজীপুর-২/গাজীপুর-৩/গাজীপুর-৫
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। জেলা প্রশাসক, গাজীপুর
৪। উপপরিচালক, স্থানীয় সরকার, গাজীপুর

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাজীপুর সদর, গাজীপুর
৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাজীপুর সদর, গাজীপুর
৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাজীপুর সদর, গাজীপুর
৮। উপজেলা প্রকৌশলী (এলজিইডি), গাজীপুর সদর, গাজীপুর
৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গাজীপুর সদর, গাজীপুর
১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, জয়দেবপুর থানা, গাজীপুর
১১। উপজেলা কৃষি অফিসার, গাজীপুর সদর, গাজীপুর
১২। উপজেলা শিক্ষা অফিসার, গাজীপুর সদর, গাজীপুর
১৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গাজীপুর সদর, গাজীপুর
১৪। উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তর, গাজীপুর সদর, গাজীপুর
১৫। উপজেলা সমাজসেবা অফিসার, গাজীপুর সদর, গাজীপুর
১৬। উপজেলা সমবায় অফিসার, গাজীপুর সদর, গাজীপুর
১৭। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গাজীপুর সদর, গাজীপুর
১৮। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, গাজীপুর সদর, গাজীপুর
১৯। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, গাজীপুর সদর, গাজীপুর
২০। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গাজীপুর সদর, গাজীপুর
২১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গাজীপুর সদর, গাজীপুর
২২। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গাজীপুর সদর, গাজীপুর
২৩। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গাজীপুর সদর, গাজীপুর
২৪। সদর সাব-রেজিস্ট্রার, গাজীপুর
২৫। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গাজীপুর সদর, গাজীপুর
২৬। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, গাজীপুর সদর, গাজীপুর
২৭। চেয়ারম্যান, মির্জাপুর ইউনিয়ন পরিষদ, গাজীপুর সদর, গাজীপুর
২৮। চেয়ারম্যান, পিরুজালী ইউনিয়ন পরিষদ, গাজীপুর সদর, গাজীপুর
২৯। চেয়ারম্যান, ভাওয়ালগড় ইউনিয়ন পরিষদ, গাজীপুর সদর, গাজীপুর
৩০। চেয়ারম্যান, বাড়ীয়া ইউনিয়ন পরিষদ, গাজীপুর সদর, গাজীপুর
৩১। অফিস কপি

৩০/০৩/২৩
সৈয়দ মোরাদ আলী
উপজেলা নির্বাহী অফিসার
গাজীপুর সদর, গাজীপুর
ফোন: ৯২০৪৮৬৩ (অফিস)
E-mail: unogazipur@mopa.gov.bd